

আমরা জনগণের পক্ষে

বাংলাদেশ প্রতিদিন

আপডেট : ২৫ ফেব্রুয়ারি, ২০১৮ ১২:১৫

ডিএনসিসি নির্বাচন : রুল দ্রুত নিষ্পত্তির নির্দেশ | অনলাইন ডেস্ক



ঢাকা উত্তর সিটি করপোরেশনের (ডিএনসিসি) মেয়র পদে উপনির্বাচন এবং দক্ষিণ সিটি করপোরেশনসহ (ডিএসসিসি) দুই সিটি করপোরেশনে নতুন যুক্ত ওয়ার্ডগুলোতে নির্বাচন প্রক্ষেপে দেওয়া রুল দ্রুত নিষ্পত্তি করতে হাইকোর্টকে নির্দেশ দিয়েছেন আপিল বিভাগ।

রবিবার নির্বাচন কমিশনের (ইসি) আবেদনের শুনানি নিয়ে প্রধান বিচারপতি সৈয়দ মাহমুদ হোসেনের নেতৃত্বে চার সদস্যের আপিল বেঞ্চ এ আদেশ দেন।

আদালতে ইসির পক্ষে শুনানি করেন জ্যেষ্ঠ আইনজীবী ফিদা এম কামাল। সঙ্গে ছিলেন আইনজীবী তৌহিদুল ইসলাম। রিট আবেদনের পক্ষে ছিলেন ব্যারিস্টার রোকন উদ্দিন মাহমুদ। সঙ্গে ছিলেন ব্যারিস্টার মোস্তাফিজুর রহমান খান।

নির্বাচন চেয়ে পক্ষভুক্ত হওয়া বিএনপি প্রার্থী তাবিথ আউয়ালের পক্ষে ছিলেন ব্যারিস্টার মাহবুব উদ্দিন খোকন।

ঢাকা উত্তরের মেয়র আনিসুল হকের মৃত্যুতে ফাঁকা হওয়া পদ পূরণে নির্বাচনের জন্য গত ৯ জানুয়ারি তফসিল ঘোষণা করে নির্বাচন কমিশন। মেয়র পদে উপনির্বাচনের পাশাপাশি ঢাকার দুই সিটিতে নতুন যুক্ত হওয়া ৩৬টি ওয়ার্ডে কাউন্সিলর পদেও ভোট হওয়ার কথা ছিল। তবে ঢাকা উত্তরে সিটি করপোরেশনে যোগ হওয়া ভাটারা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান ও ঢাকা মহানগর উত্তর বিএনপির কোষাধ্যক্ষ আতাউর রহমান এবং বেরাইদ ইউনিয়নের চেয়ারম্যান ও বাদ্দা থানা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক জাহাঙ্গীর আলম ভোট স্থগিত চেয়ে রিট করেন।

এর প্রেক্ষিতে গত ১৭ জানুয়ারি ঢাকা উত্তর সিটি করপোরেশনের মেয়র পদে উপনির্বাচন ও সম্প্রসারিত অংশের কাউন্সিলর নির্বাচন স্থগিত করেন হাইকোর্ট। একইসঙ্গে ওই নির্বাচনের জন্য নির্বাচন কমিশনের ঘোষিত তফসিল কেন অবৈধ ঘোষণা করা হবে না তা জানতে চেয়ে রুল জারি করেন আদালত।

রুলের চূড়ান্ত নিষ্পত্তির মধ্য দিয়ে নির্বাচনের বিষয়ে সিদ্ধান্ত দেওয়া হবে বলে জানান আইনজীবীরা।

বিডি প্রতিদিন/২৫ ফেব্রুয়ারি ২০১৮/এনায়েত করিম